# LESSON # 21

**THE MOST (দা মোঔ্স্ট্) = সবচেয়ে বেশি**

তোমার কাজ মাত্র একটা: READ **Loudly !**

***the most*** **দিয়ে বাক্য বানানো যাক:**

০১. **প্রশ্ন**

OF THESE THREE BOOKS, WHICH BOOK HAS THE MOST PAGES?

অফ্ দীয্ থ্রী বুক্স্, হুয়িচ্ বুক্ হ্যায্ **দা মৌস্ট্** পেই্জেস্ ?

এর এইগুলো তিন বইগুলো, কোন্ বই আছে **সবচেয়ে বেশি** পৃষ্ঠাগুলো ?

**প্রশ্নের সাবলীল বাংলা** এই তিনটি বইয়ের মধ্যে, কোন্ বইটির সবচেয়ে বেশি পৃষ্ঠা আছে?

**উত্তর** Of these three books, this book has the most pages.

এই তিনটি বইয়ের মধ্যে — এই বইটির আছে সবচেয়ে বেশি পৃষ্ঠা

**বাংলা** তিনটি বইয়ের মধ্যে এই বইটির সবচেয়ে বেশি পৃষ্ঠা আছে।

০২. **প্রশ্ন**

WHICH CITY IN THIS COUNTRY HAS THE MOST PEOPLE ?

হুইচ্ সিটি ইন্ দিস্ কান্ট্রি হ্যায্ **দা মৌস্ট্** পিয়োপ্ল্ ?

কোন্ শহর এই দেশে আছে **সবচেয়ে বেশি** লোকজন ?

**বাংলা** এই দেশের কোন্ শহরে সবচেয়ে বেশি লোক আছে ?

**উত্তর** Dhaka is the city in this country which has the most people.

এই দেশে ঢাকা হলো এমন শহর — যেটির আছে সবচেয়ে বেশি লোক

**বাংলা** এই দেশে ঢাকা হলো ঐ শহর যেটাতে সবচেয়ে বেশি লোক আছে।

**০৩.** **প্রশ্ন** WHICH PERSON IN YOUR FAMILY READS THE MOST BOOKS?

হুইচ পারসন্ (কোন্ ব্যক্তি) ইন্ ইয়োর ফ্যামিলি (তোমার পরিবারের মধ্যে) রীড্‌স্ (পড়ে) **দা মৌস্ট্** (**সবচেয়ে বেশি**) বুক্‌স্ (বইগুলো) ?

**প্রশ্নের সাবলীল বাংলা** তোমার পরিবারে কে সবচেয়ে বেশি বই পড়ে?

(**একজন** হওয়াতে *read* + **s** হলো)

**উত্তর** My father is the person in my family who reads the most books.

মাই ফাদার্ (আমার বাবা) ইয্ (হয়) **দা পার্সন্** (**ব্যক্তিটি**) ইন্ মাই ফ্যামিলি (আমার পরিবারের মধ্যে) হু (যিনি) রীড্‌স্ (পড়েন) **দা মৌস্ট্** (**সবচেয়ে বেশি**) বুক্‌স্ (বইগুলো)।

**বাংলা** আমার পরিবারে আমার বাবা হলেন সেই ব্যক্তি যিনি সবচেয়ে বেশি বই পড়েন ।

**০৪.** WHICH SCHOOL IN THIS TOWN HAS THE MOST PUPILS ?

হুইচ স্কুল্ (কোন্ স্কুল) ইন্ দিস্ ঠাউন্ (এই শহরের মধ্যে) হ্যায্ (আছে) দা মৌস্ট্ (সবচেয়ে বেশি) পিউ্পিল্‌স্ (ছাত্র-ছাত্রী) ?

**বাংলা** এই শহরে কোন্ স্কুলে সবচেয়ে বেশি ছাত্র-ছাত্রী আছে?

**উত্তর** 'X' is the school in this town (এই শহরের মধ্যে 'x' হলো এমন স্কুল) which has the most pupils. (যেটির আছে সবচেয়ে বেশি ছাত্র-ছাত্রী।)

**বাংলা** এই শহরের মধ্যে 'X' স্কুলে সবচেয়ে বেশি ছাত্র-ছাত্রী আছে ।

## জোরে জোরে বুঝে বুঝে পড়ো !

(**# 1** থেকে **# 6** বাক্যে একটা **শহর**, একটা **দেশ**, একটা **ব্যক্তি**, একটা **জিনিস**, **হওয়াতে** ***is*** হলো বা ***has*** হলো ।)

01. Of these three men, this man *has* the most cars.
02. Of these four bags, this bag *has* the most mangoes.
03. Uttara *is* the area in Dhaka which has the most buildings.
04. China *is* the country in Asia which has the most people.
05. My mother *is* the person in my family who does the most work.

## নতুন শব্দ শিখি

**BEAUTIFUL** (বিউ্টিফুল্) - সুন্দর; **UGLY** (আগ্লি) - বিশ্রী / কুৎসিত

০৫. প্রশ্ন DO YOU THINK PARIS IS AN UGLY CITY ?

ডু ইউ থিংক্ প্যারিস্ ইয্ এন্ আগ্লী সিটি ?

তুমি কি মনে করা প্যারিস হয় একটি বিশ্রী শহর

প্রশ্নের সাবলীল বাংলা তুমি কি মনে করো প্যারিস হলো একটি বিশ্রী শহর?

উত্তর No, I do not think Paris is an ugly city, but I think it is a beautiful city.

বাংলা না, আমি মনে করি না প্যারিস একটি বিশ্রী শহর, বরং আমি মনে করি এটি একটি সুন্দর শহর।

০৬. প্রশ্ন DO YOU THINK 'Y' IS A BEAUTIFUL PLACE ?

ডু ইউ থিংক্ ওআই্ ইয্ এ বিউ্টিফুল্ প্লেইস্ ?

তুমি কি মনে করো 'Y' হয় একটি সুন্দর জায়গা

প্রশ্নের সাবলীল বাংলা আপনি কি মনে করেন 'Y' একটি সুন্দর জায়গা ?

উত্তর No, I do not think 'Y' is a beautiful place, but I think it is an ugly place.

বাংলা না, আমি মনে করি না 'Y' একটি সুন্দর জায়গা, বরং আমি মনে করি এটি একটি বিশ্রী জায়গা।

**Ugly** (আগ্লি) শব্দটি **'u'** (ইউ্) দিয়ে শুরু এবং *ugly*-তে **'u'** (ইউ্)-এর উচ্চারণ হলো **'আ'**। তাই, **'a'** না হয়ে **'an'** হলো !

০৭. প্রশ্ন DO YOU THINK MINA IS UGLY?

তুমি কি মনে করো মিনা হয় কুৎসিত ?

প্রশ্নের সাবলীল বাংলা তুমি কি মনে করো মিনা কুৎসিত?

উত্তর No, I do not think Mina is ugly, but I think she is beautiful.

বাংলা না, আমি মনে করি না মিনা হলো কুৎসিত, বরং আমি মনে করি সে হলো সুন্দরী।

**০৮.** প্রশ্ন Which do you think is the most beautiful place in this country?

হুইচ ডু ইউ থিংক ইয্ দা মৌস্ট্ বিউটিফুল্ প্লেইস্ ইন্ দিস্ কান্ট্রি ?

কোনটি তুমি মনে করো সবচেয়ে বেশি সুন্দর জায়গা এই দেশে ?

**বাংলা** তোমার মতে এই দেশে সবচেয়ে সুন্দর জায়গা কোন্‌টি?

**উত্তর** I think Cox's Bazar is the most beautiful place in this country.

**সাবলীল বাংলা** আমি মনে করি এই দেশে সবচেয়ে বেশি সুন্দর জায়গা হলো কক্সবাজার।

**আরো উদাহরণ**

01. I think learning English from this book is the easiest way.
= আমার কাছে মনে হয় এই বই থেকে ইংলিশ শেখা হলো সবচেয়ে সহজ উপায়।

02. I think learning grammar from traditional books
= আমার কাছে মনে হয় প্রচলিত বই থেকে গ্রামার শেখা হলো
is the hardest way to learn English. ইংলিশ শেখার সবচেয়ে কঠিন উপায়।

**নতুন শব্দ শিখি** **EAT - খাওয়া**

**০৯.** প্রশ্ন WHAT ARE YOU DOING? **উত্তর** I am eating.

হোয়াট্ আর্ ইউ্ ডুইং ? — আই্ অ্যাম্ ইঠিং

তুমি কী করছো ?

**প্রশ্নের সাবলীল বাংলা** তুমি কী **করছো?** **উত্তরের সাবলীল বাংলা** আমি খাচ্ছি।

**১০.** প্রশ্ন DO YOU EAT ALL FOOD?

ডু ইউ্ ঈট্ অল্ ফুড্ ?

তুমি কি খাও সব খাদ্য **প্রশ্নের সাবলীল বাংলা** তুমি কি সব খাবার খাও ?

**উত্তর** No, I do not eat all food, but some I eat and some I do not eat.

**বাংলা** না, আমি সব খাবার খাই না, কিন্তু কিছু আমি খাই এবং কিছু আমি খাই না।

১১. প্রশ্ন Do you eat bread without butter ? (= তুমি কি মাখন ছাড়া রুটি খাও?)
ডু ইউ ঈট্ ব্রেড্ উইদ্‌আউট্ বাঠার্ ?
তুমি কি খাও রুটি ছাড়া মাখন

**হ্যাঁ-বোধক উত্তর**
Yes, I eat bread without butter.
(হ্যাঁ, আমি মাখন ছাড়া রুটি খাই।)

**না-বোধক উত্তর**
No, I do not eat bread without butter.
(না, আমি মাখন ছাড়া রুটি খাই না।)

১২. প্রশ্ন WHAT DO WE EAT WITH ?
হোয়াট্ ডু উই্ ঈট্ উয়িদ্ ?

প্রশ্নের সাবলীল বাংলা আমরা কী দিয়ে খাই?

উত্তর We eat with our mouths. (= আমরা মুখ দিয়ে খাবার খাই।)
আমরা খাই আমাদের মুখ দ্বারা।

**নতুন শব্দ শিখি** **DRINK -** পান করা

**এই নতুন শেখা শব্দ দিয়ে বাক্য বানানো practice করা যাক:**

১৩. প্রশ্ন WHAT ARE YOU DOING ? (= তুমি কী করছো ?)

উত্তর I am drinking. (= আমি পান করছি।)
আই্ অ্যাম্ ড্রিংকিং

১৪. প্রশ্ন DO YOU DRINK TEA (টী) ? (= তুমি কি চা পান করো ?)

উত্তর Yes, I drink tea (= হ্যাঁ, আমি চা পান করি)
No, I do not drink tea. (= না, আমি চা পান করি না।)

১৫. প্রশ্ন CAN WE DRINK MEAT? (= আমরা কি মাংস পান করতে পারি?)

উত্তর No, we cannot drink meat, but we **eat** meat.
না, আমরা পারি না পান করা মাংস, কিন্তু আমরা খাই মাংস।

বাংলা না, আমরা মাংস পান করতে পারি না, কিন্তু আমরা মাংস খাই।

**Similar Sentences**

1. We cannot eat coffee, but we can drink it.
2. We cannot eat milk, but we can drink it.

**METAL - (ধাতু); GOLD - (সোনা) ; SILVER (রুপা) ; STEEL (ইস্পাত); IRON (লোহা)**

**এই নতুন শেখা শব্দ দিয়ে বাক্য বানানো practice করা যাক:**

**১৬.** **প্রশ্ন** TELL ME THE NAMES OF FOUR METALS, PLEASE!

ঠেল্ মি দা নেইম্‌স্ অফ্ ফোর্ মেঠাল্‌স্, প্লীয্

বলো আমাকে নামগুলো — চারটি ধাতুর — দয়া করে

**প্রশ্নের সাবলীল বাংলা** অনুগ্রহ করে আমাকে চারটি ধাতুর নাম বলুন।

**উত্তর** The names of four metals are gold, silver, steel and iron.

দা নেইম্‌স্ অফ্ ফোর্ মেঠাল্‌স্ আর গোল্ড, সিলভার, স্টীল্ এ্যান্ড্ আইরন্।

নামগুলো চার ধাতগুলোর হয় সোনা, রুপা, ইস্পাত এবং লোহা।

**বাংলা** চারটি ধাতুর নাম হলো সোনা, রুপা, ইস্পাত এবং লোহা।

**Learning vocabulary by sentences is the easy way to learn words.**

**MADE OF XYZ** (মেই্ড্ অফ্ XYZ) = XYZ দিয়ে তৈরি; **KEY** (কী) - চাবি

**১৭.** **প্রশ্ন** What is my watch made of ?

হোয়াঠ্ মাই্ ওয়াচ্ মেই্ড্ অফ্ ?



**বাংলা** আমার হাত ঘড়ি কী দিয়ে তৈরি ?

**উত্তর** Your watch is made of steel. (তোমার হাত ঘড়ি স্টিল দিয়ে তৈরি)

কাঠ থেকে পেপার-মিলে **মণ্ড হয়, সেই মণ্ড** আরো প্রসেসিং হয়ে শেষে **পেপার তৈরি হয়।** তার মানে, **কাঠ থেকে কাগজ তৈরি হলেও কাগজের মধ্যে কাঠের কোনো চিহ্নই আর থাকে না। সেজন্যই, ... *made from wood.***

**আরো উদাহরণ**

1. This box is made of wood.
2. This gate is made of iron.
3. A lock is made of iron.
   (তালা তৈরি হয় লোহা দ্বারা।)

1. Paper is made from wood.
   (কাগজ তৈরি হয় কাঠ থেকে।)
2. Fabric is made from cotton.
   (কাপড় তৈরি হয় তুলা থেকে।)

১৮. প্রশ্ন WHAT IS A KEY GENERALLY MADE OF ?
হোয়াট্ ইয্ আ কী জেন্‌রালী মেইড্ অফ্ ?

প্রশ্নের সাবলীল বাংলা চাবি সাধারণত কী দিয়ে তৈরি ?

উত্তর A key is generally made of steel.
আ কী ইয্ জেন্‌রালী মেইড্ অফ্ স্টীল।
একটি চাবী হয় সাধারণত ইস্পাত দিয়ে তৈরি।

উত্তরের সাবলীল বাংলা সাধারণত ইস্পাত দিয়ে চাবি তৈরি হয়।

১৯. প্রশ্ন ARE YOU WEARING ANYTHING MADE OF SILVER ?
আর্ ইউ্ ওয়্যারিং অ্যানিথিং মেইড্ অফ্ সিল্‌ভার্ ?
তুমি কি পরিধান করে আছো কোন কিছু রূপার তৈরি

বাংলা তুমি কি রুপা দিয়ে তৈরি কোনো কিছু পরিধান করে আছো?

উত্তর No, I am not wearing anything made of silver.

২০. প্রশ্ন What does the word "iron" mean ? (= IRON শব্দের অর্থ কি?)

উত্তর The word "iron" means লোহা। (IRON শব্দের অর্থ লোহা।)
দা ওয়ার্ড আই্‌রন্ মীন্‌স্

**Example**

1. I don't wear clothes made of silk. (= রেশমের তৈরি জামা আমি পড়ি না।)
2. I don't wear rings made of gold. (= স্বর্ণের তৈরি আংটি আমি পড়ি না।)

**নতুন শব্দ শিখি** **COST** (কস্ট্) - দাম হওয়া; মূল্য হওয়া।

২১. প্রশ্ন HOW MUCH DO YOU THINK THIS PEN COSTS ?
হাউ্ মাচ্ ডু ইউ্ থিংক্ দিস্ পেন্ কস্ট্‌স্ ?
কত তুমি মনে করো এই কলম দাম হওয়া ?

বাংলা তোমার মতে এই কলমটির মূল্য কত = এই কলমের দাম কত হতে পারে বলে তোমার মনে হয়?

উত্তর I think this pen costs about 5 Tk.
আমি মনে করি এই কলম দাম হয় প্রায় ৫ টাকা।

বাংলা আমি মনে করি এই কলমটির দাম প্রায় ৫ টাকা = আমার মনে হয় এই কলমের দাম কম-বেশি ৫ টাকা।

**২২.** **প্রশ্ন** DO YOUR SHOES COST MORE THAN YOUR HANDKERCHIEF?

ডু ইওর্ শুউয্ কস্ট্ মৌর্ দ্যান্ ইওর্ হ্যাংকার্চীফ্ ?

তোমার জুতার দাম কি বেশি তোমার রুমালের চেয়ে ?

**বাংলা** তোমার রুমালের দামের চেয়ে তোমার জুতার দাম কি বেশি?

**উত্তর** Yes, my shoes cost more than my handkerchief.

হ্যাঁ, আমার জুতার দাম বেশি আমার রুমালের চেয়ে

**বাংলা** হ্যাঁ, আমার রুমালের চেয়ে আমার জুতার দাম বেশি।

**২৩.** **প্রশ্ন** HOW MUCH DOES THE BREAKFAST COST IN THIS HOTEL?

নাস্তায় কত লাগে মূল্য এই হোটেলে ?

**প্রশ্নের সাবলীল বাংলা** এই হোটেলে নাস্তা খেতে কত লাগে ?

**উত্তর** The breakfast costs about 90 tk. in this hotel.

**বাংলা** এই হোটেলে নাস্তায় লাগে প্রায় ৯০ টাকা।

**পড়ে বুঝার ক্ষমতা বাড়লে, CNN / BBC শুনে বুঝার ক্ষমতাও বাড়বে !!**

**Some more example**

01. I think this shirt costs 400 taka.
02. My shoes cost more than my pants.

**TODAY** (ঠুডেই্) = আজ **YESTERDAY** (ইয়েস্ঠার্ডেই্) = গতকাল **TOMORROW** (ঠুমোরো) = আগামীকাল

**WAS** (ওয়ায্) = ছিল **WILL BE** = হবে **TO BE** = হতে

**২৪.** **প্রশ্ন**

WHAT DAY IS TODAY ?

হোয়াট্ ডেই্ ইয্ টুডেই্ ?

কী দিন হয় আজ ?

**উত্তর**

Today is Friday. (আজ শুক্রবার।)

আজ হয় শুক্রবার।

**প্রশ্নের সাবলীল বাংলা** আজ কী বার ?

| | | | |
|---|---|---|---|
| **SATURDAY**<br>(স্যাঠার্‌ডেই্‌)<br>শনিবার | **SUNDAY**<br>(সান্‌ডেই্‌)<br>রবিবার | **MONDAY**<br>(মান্‌ডেই্‌)<br>সোমবার | **TUESDAY**<br>(ঠুয়িস্‌ডেই্‌)<br>মঙ্গলবার |
| **WEDNESDAY**<br>(ওয়েন্‌স্‌ডেই্‌)<br>বুধবার | **THURSDAY**<br>(থার্‌স্‌ডেই্‌)<br>বৃহস্পতিবার | **FRIDAY**<br>(ফ্রাই্‌ডেই্‌)<br>শুক্রবার | |

২৫. **প্রশ্ন**

TELL ME THE NAMES OF THE DAYS OF THE WEEK, PLEASE!

| TELL | ME | THE NAMES | OF THE DAYS | OF THE WEEK, | PLEASE! |
|---|---|---|---|---|---|
| টেল্‌ | মি | দা নেইম্‌স্‌ | অফ্‌ দা ডেই্‌স্‌ | অফ্‌ দা উঈক্‌, | প্লীয্‌ ! |
| বলো | আমাকে | নামগুলো | দিনগুলোর | সপ্তাহের , | দয়া করে ! |

**প্রশ্নের সাবলীল বাংলা** দয়া করে, আমাকে সপ্তাহের বারগুলোর নাম বলেন।

**উত্তর** The names of the days of the week are Saturday, Sunday ...

| The names of the days | of the week | are | Saturday, | Sunday ... |
|---|---|---|---|---|
| বারগুলোর নাম | সপ্তাহের | হয় | শনিবার, | রবিবার। |

**উত্তরের সাবলীল বাংলা** সপ্তাহের বারগুলোর নাম হলো শনিবার, রবিবার .......।

**Read the following similar sentences**

1. The names of three fruits are banana, apple and mango.
2. The names of three flowers are rose, daffodil and lotus.
3. The names of my brothers are X, Y and Z.
4. The names of my uncles are A, B and C.

২৬. **প্রশ্ন**

WHAT DAY WAS YESTERDAY ?

| WHAT | DAY | WAS | YESTERDAY | ? |
|---|---|---|---|---|
| হোয়াট্‌ | ডে | ওয়ায্‌ | ইয়েস্‌টার্‌ডেই্‌ | ? |
| কী | দিন | ছিল | গতকাল | ? |

**প্রশ্নের সাবলীল বাংলা** গতকাল কী বার ছিল?

**উত্তর**

Yesterday was Thursday.

| Yesterday | was | Thursday. |
|---|---|---|
| ইয়েস্‌টার্‌ডেই্‌ | ওয়ায্‌ | থার্‌স্‌ডেই্‌। |
| গতকাল | ছিল | বৃহস্পতিবার। |

**বাংলা** গতকাল বৃহস্পতিবার ছিল।

**২৭.** **প্রশ্ন** **উত্তর**

WHAT DAY WILL TOMORROW BE ? Tomorrow will be Saturday.

হোয়াট্ ডে উইল্ ঠুমোরো বি ? ঠুমোরো উইল্ বি স্যাঠার্‌ডেই্ ।

কী হবে আগামিকাল আগামিকাল হবে শনিবার ।

**বাংলা** আগামিকাল কী বার হবে? **সাবলীল বাংলা** আগামিকাল শনিবার হবে।

**২৮.** **প্রশ্ন**

পরশু

WHAT WILL THE DAY AFTER TOMORROW BE ?

হোয়াট্ উইল্ দা ডেই্ আফ্‌টার্ ঠুমোরো বি ?

কী বার পরে আগামীকাল হবে ?

**প্রশ্নের সাবলীল বাংলা** আগামীকালের পরের দিন কী বার হবে?

**উত্তর** The day after tomorrow will be Sunday.

আগামীকালের পরের দিন হবে রবিবার

**উত্তরের সাবলীল বাংলা** আগামীকালের পরের দিন হবে বুধবার।

**২৯.** **প্রশ্ন** WHAT WAS THE DAY BEFORE YESTERDAY ?

হোয়াট্ ওয়ায্ দা ডেই্ বিফৌর্ ইয়েস্‌ঠার্‌ডেই্ ?

কী ছিল গতকালের আগের দিন ?

**প্রশ্নের সাবলীল বাংলা** গতকালের আগের দিনটি কি বার ছিল?

**উত্তর** The day before yesterday was Wednesday (ওয়েন্‌স্‌ডেই্).

**বাংলা** গতকালের আগের দিন ছিল বুধবার।

এই *lesson*-এর প্রশ্নগুলো তোমার বন্ধুকে

**English**-য়েই জিজ্ঞেস করো।

**সে কিন্তু ভুল ইংলিশে উত্তর দিবে।**

**WANT** (ওয়ান্ট্) - চাওয়া; **AT THE MOMENT** (এ্যাট্ দা মোঔ্মেন্ট্) - এই মুহূর্তে

**এই নতুন শেখা শব্দ দিয়ে বাক্য বানানো practice করা যাক:**

**৩০.** প্রশ্ন Do you want to break your pen ? (তোমার কলমটি কি তুমি ভাঙতে চাও?)

ডু ইউ্ ওয়ান্ট্ | টু ব্রেইক্ | ইওর্ | পেন্ ?
তুমি কি চাও | ভাঙতে | তোমার | কলম

উত্তর No, I do not want to break my pen.
না, আমি চাই না ভাঙতে আমার কলম

উত্তরের সাবলীল বাংলা না, আমি আমার কলম ভাঙতে চাই না।

**৩১.** প্রশ্ন DO YOU WANT TO BREAK THE WINDOW ?
তুমি কি চাও | ভাঙতে | জানালাটি

প্রশ্নের সাবলীল বাংলা তুমি কি জানালাটি ভাঙতে চাও?

উত্তর No, I do not want to break the window.
না, আমি চাই না | ভাঙতে | জানালাটি

উত্তরের সাবলীল বাংলা না, আমি জানালাটি ভাঙতে চাই না।

**৩২.** প্রশ্ন Do you want anything to eat at the moment ?

ডু ইউ্ ওয়ান্ট্ | অ্যানিথিং | টু ঈট্ | অ্যাট্ দা মোমেন্ট্ ?
তুমি কি চাও | কোন কিছু | খেতে | এই মুহূর্তে ?

প্রশ্নের সাবলীল বাংলা এই মুহূর্তে কোন কিছু তুমি কি খেতে চাও?

হ্যাঁ-বোধক উত্তর

Yes, I want something to eat. (= হ্যাঁ, আমি কিছু খেতে চাই)
ইয়েস্, আই্ ওয়ান্ট্ সাম্থিং টু ঈট্ ।

না-বোধক উত্তর

No, I do not want anything to eat. (না, আমি কোন কিছু খেতে চাই না।)

**৩৩.** **প্রশ্ন** DO YOU WANT ANYTHING TO DRINK AT THE MOMENT?

তুমি কি চাও — কোন কিছু — পান করতে — এই মুহূর্তে

**প্রশ্নের সাবলীল বাংলা** তুমি কি এই মুহূর্তে কোন কিছু পান করতে চাও?

Yes, I want something to drink.

হ্যাঁ, আমি চাই কোন কিছু পান করতে।

**হ্যাঁ-উত্তর** হ্যাঁ, আমি কোন কিছু পান করতে চাই ।

No, I do not want anything to drink.

**না উত্তর** না, আমি কোন কিছু পান করতে চাই না।

## চলো জোরে জোরে বলি

1. I don't want to clean my clothes.
2. He doesn't want to eat rice at the moment.
3. She wants something to eat at the moment.
4. I do not read all books, but some I read and some I do not read.
5. I do not drink tea without sugar.

---

## Tips

### Start thinking in English.

For example, you have to go to the local market to buy vegetables for your family.

Then, think like this : "After ten minutes,

I will go to market to buy, one লাউ, two coconuts and one pineapple

for my sick brother.

First, I should write down these names in a piece of paper.

Then I have to ask mom for about 400 taka to buy the groceries ..."